৩০২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... SEP. 22 1999
পৃষ্ঠা 2 কলাম 8

## শিক্ষকের পেশাগত সমস্যা ॥ নরসিংদীতে কর্মসূচী

নরসিংদী সংবাদদাতা ॥ সরকারী ও বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের পেশাগত সমস্যাসমূহের সমাধানকল্পে শিক্ষার্থী ও শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের ১৫ দফা ও পরীক্ষায় নকল প্রতিরোধে সাতদফার পক্ষে সরকারের দৃষ্টি আকর্ষণ করিয়া গতকাল (মঙ্গলবার) সন্ধ্যায় নরসিংদী প্রেসক্লাবে সমিতি জাতীয় কার্যক্রমের অংশ হিসাবে এক সাংবাদিক সম্মেলন করে। মনোহরদী ডিগ্রী কলেজের অধ্যক্ষ ও সমিতির আহ্বায়ক আবদুল হাই ভূঁইয়া এবং সদস্য সচিব বিল্লাল হোসেন, আতাউর রহমান, জসিমউদ্দিন, রফিকুল ইসলাম প্রমুখ সম্মেলনে বক্তব্য পেশ করেন।